

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা
www.templeedu.gov.bd

bs-16.05.0000.101.11.002.22.18

Zmi L t 22.01.2023 mL^৯

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন "মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন (ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স (বছর)	সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা
০১।	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	৬৮	৩০	১৯,৬০০.০০ (ঢাকা মেট্রো) ১৮,৫০০.০০ (সিটি কর্পো:) ১৭,৯৫০.০০ (অন্যান্য জেলা)	১. স্নাতক ডিগ্রী। ২. যে কোন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হতে কমপক্ষে ৩ মাসের কম্পিউটার প্রশিক্ষণ। ৩. কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দ টাইপিং গতি থাকতে হবে। ৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ০২ (দুই) বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৫. "মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্পে একই পদে/গ্রেডে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে।
০২।	ফিল্ড সুপারভাইজার (গ্রেড-১৩)	৯১	৩০	১৯,৬০০.০০ (ঢাকা মেট্রো) ১৮,৫০০.০০ (সিটি কর্পো:) ১৭,৯৫০.০০ (অন্যান্য জেলা)	১. স্নাতক ডিগ্রী। ২. মোটর সাইকেল চালনার অভিজ্ঞতা থাকতে হবে। ৩. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ০২ (দুই) বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪. "মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্পে একই পদে/গ্রেডে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	০২	৩০	১৭,০৪৫.০০	১. স্নাতক ডিগ্রী। ২. কম্পিউটারে (এমএসওয়ার্ড এবং এক্সেল) পারদর্শী হতে হবে। ৩. কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দ টাইপিং গতি থাকতে হবে। ৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট/সমমানের পদে ০২ (দুই) বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৫. "মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্পে একই পদে/গ্রেডে কাজ করা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলি :

- জনপ্রশাসন মন্ত্রণালয় এর নির্ধারিত ফরমে প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা বরাবরে আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) এবং হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট (www.hindustrust.gov.bd) থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- আবেদনপত্র আগামী ০৬.০২.২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্প, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০ ঠিকানায় জিইপি/রেজিস্ট্রি ডাকযোগে অবশ্যই পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক চালানোর মাধ্যমে ২০০/- (দুইশত) টাকা অর্থনৈতিক কোড '১৩৫০১০১১৯২৩৭-১৪২২৩২৬' এ অটোমেটেড চালানে জমা করত: চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এতদভিন্ন আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের সদ্য তোলা ০২ (দুই) কপি ছবি এবং আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৬। নির্ধারিত ফরম ব্যতিত অথবা ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৭। সনাতন ধর্মাবলম্বী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৮। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৯। আবেদনপত্র বাছাই করে শুধু যোগ্য/বৈধ প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কে জানানো হবে।
- ১০। উল্লিখিত পদের বয়সসীমা ২৫.০৩.২০২০ খ্রি: হতে গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১১। প্রার্থীর বয়স ২৫.০৩.২০২০ খ্রি: তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৩। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ১৪। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধিবিধান/নীতিমালা অনুসরণ করা হবে।
- ১৫। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
- ১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় বিজ্ঞপ্তি পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৮। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রকল্প পরিচালক
মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়